

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কেন্দ্রীয় ঔষধাগার  
স্বাস্থ্য অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা-১২০৮

১৭ এপ্রিল ২০২০

N95 Mask বিষয়ে প্রকাশিত সংবাদের প্রতিবাদ

সিএমএসডি বিভিন্ন সংবাদ এবং সামাজিক গণমাধ্যমে প্রচারিত N95 মাস্ক ক্রয় সম্পর্কে স্বার্থসিদ্ধিমূলক বিআন্তিমূলক তথ্যের বিষয়ে দেশের সকল স্তরের চিকিৎসকসহ সর্বসাধারণের দৃষ্টি আকর্ষন করছে এবং এতে বিআন্ত না হওয়ার জন্য বিনোদ অনুরোধ জানাচ্ছে।

সিএমএসডি কোন দেশীয় চিকিৎসাসামগ্রী প্রস্তুতকারী কোম্পানী /প্রতিষ্ঠানের নিকট N95 মাস্ক সরবরাহের কার্যাদেশ প্রদান করে নাই। বাংলাদেশী চিকিৎসাসামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান জেএমআই কোভিড-১৯ সংক্রমণের পূর্ব থেকেই হ্যান্ড শ্লোভস, সেনিটাইজার, সাধারণ মাস্ক ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স/ Quality Certificate/ ছাড়পত্র অনুযায়ী সিএমএসডিকে সরবরাহ করে আসছে। উক্ত কোম্পানী যে মোড়কে সাধারণ মাস্ক সরবরাহ করে সে মোড়কগুলোতে N95 মুদ্রিত ছিল। সিএমএসডি ভুলক্রমে সাধারণ মাস্ক হিসেবেই পণ্যগুলো সরবরাহ করে। বিষয়টি প্রাথমিক পর্যায়েই নজরে আসে। সিএমএসডি তাৎক্ষণিক সরবরাহকারী কোম্পানীকে মাস্কগুলো ফেরৎ দেয় কেন এমন মোড়কে সাধারণ মাস্ক সরবরাহ করেছে তার লিখিত জবাব চায়। কোম্পানীটি দেরী না করে ভুলের ব্যাখ্যা দেয় যা সিএমএসডি-র পরিচালক গণমাধ্যমে সরাসরি ব্যাখ্যা করেন। বিষয়টি এখানেই শেষ হওয়া উচিত ছিল।

সিএমএসডি বর্তমান কোভিড-১৯ বৈশ্বিক দুর্যোগকালে বাংলাদেশের স্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলায় সরকারি ক্রয় আইন অনুসরণ করেই ক্রয় প্রক্রিয়া অনুসরণ করছে। অথচ বিআন্তিমূলকভাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের পৃত্র, স্বাস্থ্য সেবা সচিব এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে জড়িয়ে মানহানিকর সংবাদ প্রকাশিত হচ্ছে। সিএমএসডি ঘৃথহীন ভাষায় বলতে চায় যে, এই ক্রয় প্রক্রিয়ায় উপরোক্ত ব্যক্তিবর্গের কোন সংশ্লেষ নাই এবং তাদের আর্থিক বা অন্যান্যভাবে লাভবান হওয়ার কোন সুযোগ নাই।

অপপ্রচারগুলিতে ইচ্ছাকৃতভাবে উপরোক্ত ব্যক্তিবর্গকে জড়িয়ে মিথ্যা রাজনৈতিক এবং চরিত্রগত রটনারও অবকাশ করা হচ্ছে। এ ধরণের অপরাধি চক্রকে হ্রশিয়ার করা যাচ্ছে যে, তারা এ ধরণের অপচেষ্টা থেকে নিজেকে বিরত না করলে ডিজিটাল তথ্য আইন অনুযায়ী মামলা দায়ের করা হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, N95 মাস্ক কেবলমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রেই উৎপাদিত হয়। কোভিড-১৯ পরিস্থিতিতে দেশটি এই মাস্কের রফতানী বন্ধ করে দিয়েছে। বিশ্বস্বাস্থ্য সংস্থা এবং অন্যান্য বিশেষজ্ঞ সংস্থা এর সমমানের একাধিক মাস্ক ব্যবহার করার পরামর্শ দিয়ে থাকে। এগুলো হলো US-FDA বা CE সনদপ্রাপ্ত KN95, FFP2 বা P2 মাস্ক। কাজেই সিএমএসডি N95 মাস্ক পর্যাপ্ত সংখ্যায় সরবরাহ করতে না পারলেও সনদপ্রাপ্ত বিকল্প মানসম্পন্ন মাস্ক সরবরাহ করছে। এখানে আরও উল্লেখ্য যে, ইতিমধ্যে স্বাস্থ্য অধিদপ্তর সকল সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানকে বরাদ্দ অর্থ থেকে নিজ উদ্যোগেও পিপিই, মাস্ক ও অন্যান্য সুরক্ষা ও চিকিৎসা সামগ্রী ক্রয়/ সংগ্রহ করার নির্দেশ দিয়েছে। উদ্দেশ্য সকল সুরক্ষা ও চিকিৎসা সামগ্রীর নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা।

রিপ্রেডিয়ার জেনারেল মোঃ শাহিদ উল্লাহ  
পরিচালক, সিএমএসডি  
তেজগাঁও, ঢাকা-১২০৮